রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ২২, ২০১৫

[ একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**সিএ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ ফেব্রুয়ারি ২০১৫

**নং বিপম/সিএ-২/কন-৭/২০০৩-৮৯**—বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক গত ১৪ অক্টোবর ২০০৩ খ্রিঃ তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন (নং বিপম/সিএ-২/কন-৭/২০০৩/৯৮৯) এর মাধ্যমে জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি গঠন করা হয়। গত ২৭ ফেব্রুয়ারি ২০১৩ খ্রিঃ তারিখে বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি'র প্রথম সভার সুপারিশের আলোকে উক্ত কমিটির composition, terms of references and frequency of meeting নিম্নরূপ সংশোধন করা হলো :

## NATIONAL CIVIL AVIATION SECURITY COMMITTEE OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

(ক) বিমান চলাচল নিরাপত্তা বিষয়ে পরামর্শ প্রদান, নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা ও সমন্বয়ের জন্য বাংলাদেশ জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা ও বিমানসংস্থাসহ অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সমন্বয়ে নিম্নরূপ জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি গঠন করা হলো :



**মূল্য ঃ** টাকা ৪.০০

(খ) **কমিটি গঠন :**

| | | |
|---|---|---|
| (১) | মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | সংশ্লিষ্ট মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (৪) | যুগ্ম সচিব বা তদূর্ধ পদমর্যাদার প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৫) | অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), বাংলাদেশ পুলিশ | সদস্য |
| (৬) | পরিচালক (পরিচালন ও পরিকল্পনা), সশস্ত্র বাহিনী বিভাগ | সদস্য |
| (৭) | সদস্য বা তদূর্ধ পদমর্যাদার প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| (৮) | যুগ্ম সচিব বা তদূর্ধ পদমর্যাদার প্রতিনিধি, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (১০) | ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ | সদস্য |
| (১১) | সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | সদস্য |
| (১২) | পরিচালক (বহিঃস্থ), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা | সদস্য |
| (১৩) | পরিচালক (কাউন্টার ইন্টেলিজেন্স ব্যুরো), প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর | সদস্য |
| (১৪) | চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ। | সদস্য-সচিব |

(গ) **কমিটির কার্যপরিধি :**

(১) বেসামরিক বিমান চলাচল এর ক্ষেত্রে হুমকি মোকাবেলায় বিমান চলাচল নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কিত প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং বিমান চলাচল নিরাপত্তায় সম্ভাব্য নতুন হুমকির প্রাপ্ত তথ্য, কৌশলগত ও প্রযুক্তিগত উন্নয়ন ও অন্যান্য বিষয়ের ভিত্তিতে নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।

(২) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকল বিভাগ, দপ্তর ও প্রতিষ্ঠানের মধ্যে বিমান চলাচল নিরাপত্তা বিষয়ে সমন্বয় নিশ্চিতকরণ।

(৩) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা নীতির প্রস্তাব প্রণয়ন ও বিদ্যমান নীতির সংশোধন সম্পর্কিত সুপারিশ প্রদান।

(৪) বিমানবন্দরের বিদ্যমান সুযোগ-সুবিধা সম্বলিত উপকরণাদির সম্প্রসারণ এবং নতুন বিমানবন্দর এর নির্মাণকালে নিরাপত্তা ব্যবস্থা সংক্রান্ত বিষয়াদি নিশ্চিতকরণ।

(৫) বিমানবন্দর নিরাপত্তা কমিটিসহ অন্যান্য সংশ্লিষ্ট কমিটির সুপারিশ পর্যালোচনাকরণ।

(৬) সামগ্রিক বিমান চলাচল নিরাপত্তার মান বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও অন্যান্য রাষ্ট্রের সাথে সহযোগিতামূলক সম্পর্ক স্থাপনের প্রক্রিয়া বিবেচনা করা।

(৭) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কে পি আই সম্পর্কিত নির্দেশনা বিবেচনা সাপেক্ষে জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রমের সমন্বয় করা এবং সেই মোতাবেক পরামর্শ প্রদান করা।

(ঘ) **এড-হক সদস্য:** কমিটির স্থায়ী সদস্য ব্যতীত সভাকে প্রায়োগিক কৌশল সংক্রান্ত বিশেষজ্ঞ ও অভিজ্ঞ মতামত প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট অনুমোদিত ব্যক্তি এড-হক সদস্য হিসেবে সভায় অংশগ্রহণ করতে পারবেন।

(ঙ) **প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপ-কমিটি :** কোন নতুন কার্যক্রম, ব্যবস্থা ও বিধানসমূহের পরিচালনের যথার্থতা যাচাই করার জন্য প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপ-কমিটি গঠন করা যাবে।

(চ) **সভা আহ্বান :** সভাপতির সাথে আলোচনা করে সদস্য-সচিব বছরে কমপক্ষে ২ (দুই) বার সভা আহ্বান করবেন। এছাড়াও প্রয়োজন মোতাবেক যে কোন সময় সভা আহ্বান করতে পারবেন।

(ছ) উক্ত কমিটির সদস্য ব্যতীত তার প্রতিনিধি হিসেবে অন্য কেউ কমিটির সভায় অংশগ্রহণ করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জাফর উল্লাহ**

উপ-সচিব (সিএ)।

মোঃ নজরুল ইসলাম(উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd